

## 🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২০৭

আরবী

১/ বিবিধ

جرير منا أهل البيت ظهرا لبطن. قالها ثلاثا منكر

رواه الطبراني (برقم ـ 2211) عن سليمان بن إبراهيم بن جرير عن أبان بن عبد الله البجلي عن أبي بكر بن حفص قال: قال علي بن أبي طالب فذكره مرفوعا ومن هذا الوجه رواه ابن عدي (25/2) وقال

" وأبان هذا عزيز الحديث، ولم أجد له حديثا منكر المتن فأذكره، وأرجوأنه لا بأس به

وقال الذهبي

حسن الحديث وثقه ابن معين، ومما أنكر عليه هذا الحديث

قلت: والراوي عنه سليمان بن إبراهيم بن جرير قال الحافظ في اللسان

لا يعرف حاله، ولم يذكر فيه ابن أبى حاتم شيئا

قلت: فلعله هو علة هذا الحديث

## বাংলা

১২০৭। জারীর আমার আহলে বাইতের অন্তর্ভুক্ত সে ভেতরের বাহির অংশ। তিনি এ কথাটি তিনবার বলেন। হাদীসটি মুনকার।

হাদীসটি ইমাম ত্ববারানী (২২১১) সুলাইমান ইবনু ইবরাহীম ইবনে জারীর হতে, তিনি আবান ইবনু আব্দিল্লাহ আল-



বাজালী হতে, তিনি আবূ বকর ইবনে হাফ্য হতে, তিনি আলী ইবনু আবী ত্বালেব (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

এ সূত্রেই ইবনু আদী (২/২৫) বর্ণনা করে বলেছেনঃ আবানের কোন মুনকার হাদীস পায়নি, আশা করি তার ব্যাপারে কোন সমস্যা নেই।

হাফিয যাহাবী বলেনঃ তিনি হাদীস বর্ণনার ক্ষেত্রে ভাল, তাকে ইবনু মা'ঈন নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন আর তিনি তার এ হাদীসটিকে অস্বীকার করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তার থেকে বর্ণনাকারী হচ্ছেন সুলাইমান ইবনু ইবরাহীম ইবনে জারীর, হাফিয ইবনু হাজার "আল-লীসান" গ্রন্থে তার (সুলাইমান) সম্পর্কে বলেনঃ তার অবস্থা সম্পর্কে জানা যায় না। তার সম্পর্কে ইবনু আবী হাতিম কিছুই বলেননি।

আমি (আলবানী) বলছিঃ সম্ভবত তিনিই হাদীসটির সমস্যা।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন